

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১৯-১০-২০২৩

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১৬-১০-২০২৩ থেকে ১৮-১০-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে:

**১৬ অক্টোবর:** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দুয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার):** নেই

**১৭ অক্টোবর:** এই দিন সমগ্র পশ্চিমবঙ্গ থেকে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা বিদায় নিয়েছে। পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার):** নেই

**১৮ অক্টোবর:** পশ্চিমবঙ্গের দার্জিলিং, বীরভূম ও নদীয়া জেলার দুয়েক জায়গায় হালকা থেকে অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার):** নেই

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ):** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৮২ থেকে ৯১ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৭৫ থেকে ৯২ শতাংশ।

**সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা :** উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ১৬ই অক্টোবর দীঘা তে ৩৫.৬ ডিগ্রি সেলসিয়াস ছিল এবং সর্বনিম্ন তাপমাত্রা ১৮ই অক্টোবর বাঁকুড়া তে ২১.৯ ডিগ্রি সেলসিয়াস ছিল।

### **পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :**

#### **১৯ অক্টোবর (দিন ১) -**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কালিম্পাং জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে আগামী ৩-৪ দিন, রাতের তাপমাত্রা ১-২ ডিগ্রী সেলসিয়াস কমবে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলিতে আগামী ৫ দিন, রাতের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

#### **২০ অক্টোবর (দিন ২)-**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কালিম্পাং জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

#### **২১ অক্টোবর (দিন ৩) -**

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

সতর্কীকরণ:

১৯ অক্টোবর (দিন ১) -

কোন সতর্কবার্তা নেই।

২০ অক্টোবর (দিন ২)-

কোন সতর্কবার্তা নেই।

২১ অক্টোবর (দিন ৩) -

কোন সতর্কবার্তা নেই।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

*সুজাতা সর্মা*

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র , আলিপুর, কলকাতা-২৭

১৯-১০-২০২৩